



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA - 700019

CLASS - I

TERM - SECOND

SUBJECT - BENGALI ANSWER WORKSHEET - 21

DATE - 20.11.2020

Topic - বোধ - পরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একটি লোক আর তার বউ এর একটি বিশেষ মুরগী ছিল। মুরগীটা রোজ একটি করে সোনার ডিম পাড়ত। একদিন সেই লোক আর তার বউ ভাবল, মুরগীটার পেট ভর্তি নিশ্চয়ই অনেক সোনার ডিম আছে। তারা ঠিক করল একসঙ্গে সব কটা সোনার ডিম বের করে নেবে। এই ভেবে তারা মুরগীটার পেট কেটে সেটাকে মেরে ফেলল। তারপর, তারা অবাক হয়ে দেখল, অন্য যে কোন মুরগীর মতো, এই মুরগীটার পেটে কোন বেশি ডিম নেই। বোকা লোভীদুটো এইভাবে রাতারাতি বড়লোক হতে গিয়ে নিশ্চিন্তে রোজ যেটা পাচ্ছিল সেটাও হারিয়ে বসল।

১) মানে লেখো।

ক) রোজ - প্রতিদিন

২) বাক্য রচনা করো।

ক) লোভ - আমাদের বেশি লোভ করা উচিত নয়।

৩) খালি ঘরে লেখো।

ক) একটি লোক আর তার বউ এর একটি বিশেষ মুরগী ছিল।

খ) এই ভেবে তারা মুরগীটার পেট কেটে সেটাকে মেরে ফেলল।

৪) ঠিক বা ভুল লেখো।

ক) মুরগীটা রোজ একটি করে সোনার ডিম পাড়ত।

ঠিক

খ) মুরগীটার পেট ভর্তি সোনার ডিম ছিল।

ভুল

৫) উত্তর লেখো।

ক) একদিন লোকটি ও তার বউ কী ভেবেছিল? এই ভেবে তারা কী ঠিক করেছিল?

উঃ একদিন সেই লোকটি ও তার বউ ভেবেছিল, মুরগীটার পেট ভর্তি নিশ্চয়ই অনেক সোনার ডিম আছে। এই ভেবে তারা ঠিক করেছিল, মুরগীর পেট কেটে একসঙ্গে সব কটা সোনার ডিম বের করে নেবে।

খ) লোভীদুটো মানুষের শেষে কী হয়েছিল?

উঃ বোকা লোভীদুটো মানুষ এইভাবে রাতারাতি বড়লোক হতে গিয়ে নিশ্চিন্তে রোজ যেটা পাচ্ছিল সেটাও হারিয়ে বসেছিল।